কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

মাধ্যমিক • উচ্চমাধ্যমিক
BA • B.Sc • B.Com
MA • M.Sc • M.Com
B.Ed • M.Ed • D.El.Ed
B.P.Ed • M.P.Ed • LLB
LLM • লাইব্রেরী সায়েন্স
HALDAR GROUP 7980447585

বর্ষ ৪৩ সংখ্যা ১৬ কলকাতা বুধবার, ১৬ নভেম্বর ২০২২/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৩০ কার্তিক ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

# ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে ২৮৭ কনস্টেবল

## টেলর, গার্ডেনার, কবলার, সাফাই কর্মচারী, ওয়াশারম্যান এবং বার্বার

২৮৭ জন কনস্টেবল (ট্রেডসম্যান) নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স (আই টি বি পি)। নিয়োগ হবে টেলর, গার্ডেনার, কবলার, সাফাই কর্মচারী, ওয়াশারম্যান এবং বার্বার ট্রেডে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। প্রাথমিক ভাবে এটি একটি অস্থায়ী নিয়োগ হলেও, ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।

**ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: টেলর:** পুরুষদের ক্ষেত্রে ১৬টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। মহিলাদের ক্ষেত্রে ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **গার্ডেনার:** পুরুষদের ক্ষেত্রে ১৪টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মহিলাদের ক্ষেত্রে ২টি (সাধারণ ১, ও বি সি ১)। **কবলার:** পুরুষদের ক্ষেত্রে ২৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মহিলাদের ক্ষেত্রে ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সাফাই কর্মচারী:** পুরুষদের ক্ষেত্রে ৬৭টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। মহিলাদের ক্ষেত্রে ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ওয়াশারম্যান:** পুরুষদের ক্ষেত্রে ৭৬টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। মহিলাদের ক্ষেত্রে ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **বার্বার:** পুরুষদের ক্ষেত্রে ৪৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মহিলাদের ক্ষেত্রে ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। টেলর, গার্ডেনার এবং কবলার পদের ক্ষেত্রে সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা, অথবা স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট

*এরপর আটের পাতায়*

## চণ্ডীগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে ২৪২

# নার্সিং অফিসার, জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, ল্যাব টেকনিশিয়ান

২৪২ জন নার্সিং অফিসার, জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র ল্যাব টেকনিশিয়ান নেবে চণ্ডীগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অব মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (পি জি আই এম ই আর)। প্রার্থীদের নিয়োগ করা হবে পাঞ্জাবের সাঙ্গরুরের পোস্টগ্র্যাজুয়েট ইনস্টিটিউট স্যাটেলাইট সেন্টার এবং চণ্ডীগড়ের পি জি আই এম ই আর-এ। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGI/RC/031/2022/2120.

**শূন্যপদের বিবরণ: পোস্টগ্র্যাজুয়েট ইনস্টিটিউট স্যাটেলাইট সেন্টার: পোস্ট কোড NUR/001: নার্সিং অফিসার:** ১৯৫টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৫২, আর্থিক ভাবে অনগ্রসর ১৯)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নার্সিংয়ে বি এসসি (অনার্স) বা বি এসসি নার্সিং বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। সেই সঙ্গে নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত

*এরপর তিনের পাতায়*

# রাজ্যে আমাজনে প্রসেস অ্যাসিস্ট্যান্ট

কিছু প্রসেস অ্যাসিস্ট্যান্ট নেবে আমাজন। নিয়োগ হবে পশ্চিমবঙ্গে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। টিম ম্যানেজমেন্টের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা এবং এম এস এক্সেল ব্যবহারে দক্ষতা থাকতে হবে। এই নিয়োগের জব আই ডি: 2295574/ASSPL-West Bengal.

পরিস্থিতির বিচার-বিশ্লেষণ এবং উদ্ভূত সমস্যার তৎপর সমাধানের বিষয়ে স্বাভাবিক দক্ষতা এবং অনেককে সঙ্গে নিয়ে কাজ করার ক্ষেত্রে প্রার্থীর

*এরপর দুয়ের পাতায়*

# ইন্ডিয়ান অয়েলে ২৫৮ অ্যাপ্রেন্টিস

৪৬৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েলের পাইপলাইনস ডিভিশন। সংস্থার পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব রিজিয়নে প্রশিক্ষণ দেওয়া হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ডেটা এন্ট্রি অপারেটর-সহ বিভিন্ন ট্রেডে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: PL/HR/ESTB/APPR-2022.

পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের রিফাইনারিতে আবেদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনেই আবেদন জানাতে পারবেন।

সেই জন্য এখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৪৫টি শূন্য আসনের বিস্তারিত বিন্যাস এবং অন্যান্য রাজ্যের ক্ষেত্রে কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২১৩টি শূন্য আসনের কথাই জানানো হল। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**আসনসংখ্যার বিবরণ: ইস্টার্ন রিজিয়ন: পশ্চিমবঙ্গ:** মেকানিক্যাল: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১), ইলেক্ট্রিক্যাল: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি

*এরপর আটের পাতায়*

# কলকাতার এফ এম চ্যানেলে উপস্থাপক

বেশ কিছু বাংলা উপস্থাপক ও উপস্থাপিকা নিয়োগ করবে প্রসার ভারতী। বাছাই করা প্রার্থীদের নিয়ে একটি প্যানেল তৈরি করা হবে। প্যানেলভুক্ত প্রার্থীদের প্রয়োজনের ভিত্তিতে সাময়িক চুক্তিতে নিয়োগ করা হবে আকাশবাণী কলকাতার এফএম চ্যানেলে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেইসঙ্গে মাইক্রোফোনের উপযোগী কণ্ঠস্বর এবং সঠিক বাংলা উচ্চারণ সম্পর্কে জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে ইংরেজি থেকে বাংলা এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদে স্বচ্ছন্দ হতে হবে। কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকা বাধ্যতামূলক। সেইসঙ্গে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক ঘটনাবলি, গণমাধ্যম-সমাজমাধ্যম সম্পর্কে সম্যক জ্ঞান থাকা প্রয়োজন। অডিও এবং ভিডিও এডিটিং সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

**বয়স:** ২৫-১১-২০২২ তারিখে ২০ বছর থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

*এরপর আটের পাতায়*

# বেলে ১১১

## ট্রেনি ইঞ্জিনিয়ার, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

১১১ জন ট্রেনি ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে ভারত ইলেক্ট্রনিক্স। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল ও কম্পিউটার সায়েন্স শাখায় নিয়োগ করা হবে সংস্থার প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড ইনোভেশন সেন্টার এবং সেন্টার ফর এক্সেলেন্সে। প্রাথমিক ভাবে ট্রেনি ইঞ্জিনিয়ার ২ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ এক বছর

*এরপর পাঁচের পাতায়*

# জৈব নার্সারি পথ দেখাচ্ছে উপার্জনের

**সম্পূর্ণ জৈব উপায়ে নার্সারি করলে যেমন উপার্জন হবে তেমন পরিবেশ রক্ষার কাজেও সামিল হওয়া হবে। একে কেন্দ্র করে ব্যবসার কথা ভাবলে নিতে হবে প্রশিক্ষণ। যদি নিজের পরিসরে নার্সারি করার পরিকাঠামো না থাকে তা হলেও প্রশিক্ষণ নেওয়া থাকলে অন্যের বাড়িতে বাগান বা ছাদবাগানে জৈব চাষ তত্ত্বাবধান করে উপার্জন করতে পারেন। যুক্ত হতে পারেন বিভিন্ন সমাজসেবী সংস্থার সঙ্গে।**

**নিজস্ব প্রতিনিধি:** বাড়ির লাগোয়া কিছুটা জমি আছে? বা, বেশ কিছুটা বড় ছাদ? আর সেইসঙ্গে গাছপালার প্রতি ভালোবাসা? তাহলে ভাবতে পারেন সম্পূর্ণ জৈব উপায়ে নার্সারি তৈরি করার কথা। এতে যেমন উপার্জন হবে, তেমনই পরিবেশ রক্ষার যুদ্ধেও সামিল হওয়া হবে। রাসায়নিক সার আর কীটনাশক দিয়ে ফলানো শাকসবজির ক্ষতিকারক দিক নিয়ে পুরো বিশ্ব এখন অবহিত এবং ভাবিত। এখন বিদেশেই কেবল নয়, এ দেশেও মানুষ জৈব আনাজ বা অর্গানিক ভেজিটেবলের খোঁজ করছেন। নিজের নার্সারিতে ফলানো অর্গানিক শাকসবজির জন্য বাজারে ভালো দাম পাওয়া যাবে এই মুহূর্তে।

নিজস্ব জায়গায় যদি নার্সারি করার পরিকাঠামো নাও থাকে, সেক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষণ নিয়ে অন্যের বাড়িতে ছাদবাগান তত্ত্বাবধান করেও উপার্জন করতে পারেন। যুক্ত হতে পারেন বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সঙ্গে, যাঁরা জৈব চাষ বৃদ্ধির জন্য সচেতনতা তৈরি

*এরপর আটের পাতায়*

IMT
Institute of Management Technology
Ghaziabad | Nagpur | Dubai | Hyderabad



LEARNERS BECOME LEADERS AT IMT
THINK FUTURE | THINK IMT



COMMON APPLICATION CLOSES ON
NOV 25, 2022
APPLY NOW
For more details, please refer to:
www.imt.edu | www.imtnagpur.ac.in | www.imt.ac.ae | www.imthyderabad.edu.in

# চণ্ডিগড়ের পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে ২৪২

প্রথম পাতার পর

থাকতে হবে। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ এক বছরের অভিজ্ঞতা। পাশাপাশি, নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**পোস্ট কোড JTL/017: জুনিয়র ল্যাব টেকনিশিয়ান**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: মেডিকেল ল্যাব টেকনোলজিতে বি এসসি। অথবা যে-কোনও বিষয়ে বি এসসি ডিগ্রি-সহ মেডিকেল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**পোস্ট কোড LDC/040: জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট (লোয়ার ডিভিশন ক্লার্ক)**: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**পি জি আই এম ই আর: পোস্ট কোড LDC/040: জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট (লোয়ার ডিভিশন ক্লার্ক)**: ৩৩টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স**: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৮-১১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। জুনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে স্কিল টেস্ট নেওয়া হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৮ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) -সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)। ট্রানজ্যাকশন চার্জ অতিরিক্ত। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইনস্টিটিউট অব হোম ইকনমিক্সে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৩৮ জনকে নেবে ইনস্টিটিউট অব হোম ইকনমিক্স। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। নিয়োগ করা হবে এলিমেন্টারি এডুকেশন, বায়োকেমিস্ট্রি, হোম সায়েন্স-সহ বিভিন্ন বিষয়ে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IHE/2022-2023/Admin/Teaching Advt./1255.

**বিষয় অনুসারে শূন্যপদ**: বায়োকেমিস্ট্রি ৫টি। বটানি ১টি। কেমিস্ট্রি ২টি। ইকনমিক্স ১টি। এলিমেন্টারি এডুকেশন ৮টি। হোম সায়েন্স ২২টি। ফিজিক্স ১টি। সোশিওলজি ১টি। মাইক্রোবায়োলজি ৩টি। এনভায়রনমেন্টাল সায়েন্স ১টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

বেতন: শুরুতে ৫৭,৭০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in দরখাস্তের শেষ তারিখ ২৬ নভেম্বর।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.du.ac.in

# গুরু নানক কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৪৫ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে শ্রী গুরু নানক দেব খালসা কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি কলেজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SGNDKC/ADMN/22/TS/01.

**বিভাগ অনুসারে শূন্যপদ**: **কমার্স**: ১৮টি। **ইকনমিক্স**: ৪টি। **ইংলিশ**: ৫টি। **এনভায়রনমেন্টাল সায়েন্স**: ১টি। **হিন্দি**: ৪টি। **হিস্ট্রি**: ৪টি। **ম্যাথমেটিক্স**: ৫টি। **ফিজিক্যাল এডুকেশন**: ১টি। **পলিটিক্যাল সায়েন্স**: ৩টি।

**শিক্ষাগত যোগ্যতা**: স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা নির্দিষ্ট কিছু সমীক্ষা অনুসারে বিশ্বের ক্রমতালিকায় থাকা প্রথম ৫০০টি বিশ্ববিদ্যালয়ের কোনও একটি থেকে পি এইচ ডি ডিগ্রি অর্জন করে থাকতে হবে।

**শুরুতে বেতন**: ৫৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত ক্ষেত্রে প্রাপ্ত নম্বর, গবেষণামূলক প্রকাশনা ও শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৬ নভেম্বর।

খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sgndkc.org অথবা www.du.ac.in


## ADMISSIONS OPEN

**2 YEAR RESIDENTIAL PGDM-C/PGDM**

MICAT 1 ADMISSION TEST FOR 2023-2025

APPLICATION LAST DATE

**NOV 19, 2022**

MICA THE SCHOOL OF IDEAS

MICA PGP Offers Specializations in:
- Advertising & Brand Management
- Digital Communication Management
- Data Science and Business Analytics
- Media & Entertainment Management

Admissions open for MICA's CCC and FPM programmes

MICA, Ahmedabad, India • admissions@micamail.in
T: +91 2717 688198 • M: 9099127399 • www.mica.ac.in

SCAN TO REGISTER

WHERE MANAGEMENT MEETS CREATIVITY

## DEWAR'S GARAGE LTD. is HIRING

AN AUTHORIZED DEALER OF MARUTI SUZUKI

*Your everyday work will make an influence, while you prosper in a dynamic culture of commitment to quality, teamwork and intense performance. As the acknowledged for high quality in services, Dewar's Garage is where you'll find unparalleled opportunities to succeed and realize your full potential :*

**Sales Executive :** From Automobile, Insurance, Retail, FMCG, Telecom, Real Estate, Pharma Sector.

Fresher, who are ready to take challenges for Sales can also apply.

**Service Advisor :** Having 3 years of exp. in automobile workshop.

**Telecaller :** Having 2 years of Tele Calling exp. in any Industry.

**Attributes & Skills for Success :**
Smart, Good Persona, Confident, Good Communication Skill.
Qualification : Min. Graduate, Diploma / ITI ( for Service Advisors); Age Limit : 40 yrs.
**Earning Potential - best in Industry.**
Location : Michael Nagar, Dalhousie, Taratala, Topsia, Uttarpara, Salt Lake, Sec-V
Drop Resume at : **seniormanager.hrd@dewarsgarage.com**

Walk in Interview : **16.11.22 to 18.11.22** [11am to 2pm]
4A, Council House Street, Kol-1, Opposite St. John's Church, Dalhousie
**Ph : 9831352933/7003269848/9038456065**

কবিতা কুটির

## তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট

**সরকারী চাকরীর প্রথম শ্রেণীর কোচিং সেন্টার**

**প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর**



যে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সিভিলসার্ভেন্টগণ। পিতাপুত্র, কন্যা, বধূমাতা ও জামাতাগণ সকলেই সিভিলসার্ভেন্ট, শিক্ষক ও অ্যাডভোকেট। ঐতিহ্যবাহী এই প্রতিষ্ঠানের কর্তাদের সুপরামর্শে ও নির্দেশিত পথে কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট আজ বাংলার প্রথমশ্রেণীর সরকারী চাকরীর প্রশিক্ষণ কেন্দ্রে পরিণত।

**কেন্দ্রীয় ৮ বাহিনীতে ২৪৩৬৯ কনস্টেবল, রাইফেলম্যান ও সিপাহি পরীক্ষার প্রশিক্ষণে ভর্তি শুরু**

**I.A.S, I.P.S (U.P.S.C)**

জ্ঞাতব্য :- I.A.S, I.P.S পরীক্ষায় অংক ও ইংরাজীর কোন গুরুত্ব নেই, Essay-পেপারসহ সমস্ত পেপারই বাংলা, সাঁওতালীসহ 22টি সাংবিধানিক ভাষায় দেওয়া যায় ও Interview বাংলা ভাষায় দেওয়া যায়।

**পশ্চিমবঙ্গ পুলিশ / কলকাতা পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর**

পরীক্ষার বিশেষ প্রশিক্ষণ শিবিরে জানুয়ারি ব্যাচে ভর্তি চলছে

বিনা মূল্যে দূরবর্তী প্রার্থীদের থাকার সুব্যবস্থা আছে

রাজ্যে প্রাইমারী স্কুলে সহ-শিক্ষক নিয়োগ পরীক্ষার স্পেশাল ইন্টারভিউ ক্লাসে ভর্তি শুরু।

**W.B.C.S (Preli+Main), SLST/TET, COMBINED কোর্সে বিশেষ প্রশিক্ষণ**

আরও বিশদে জানতে আচার্যদের সঙ্গে ফোনে যোগাযোগ করুন। চমৎকার আশ্রমিক ও ঘরোয়া পরিবেশে প্রশিক্ষণ নিয়ে জীবনে প্রতিষ্ঠিত হোন।

যেকোনো চাকরির পরীক্ষার Mock-Interview-এর প্রশিক্ষণ দেওয়া হয়

**আশ্রমিক কার্যালয়: তাহেরপুর (নদিয়া)**

**8536920172, 9474764885, 7908145140, 7679529616**

বি.দ্র : তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউটে মুক্ত হস্তে দান করুন। দানকৃত অর্থ ৮০জি ধারায় আয়কর মুক্ত।

আমাদের দেখুন
ইউ টিউব, ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
YouTube

kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
kabitakutir.website2.me

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৩ অক্টোবর-২০ অক্টোবর

**১৩ অক্টোবর** ইউক্রেনকে ন্যাটোর সদস্য করলে তৃতীয় বিশ্বযুদ্ধ অবশ্যম্ভাবী বলে হুঁশিয়ারি দিল রাশিয়া। সেপ্টেম্বরের শেষ দিকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের চারটি অঞ্চলকে রাশিয়ার ভূখণ্ড বলে ঘোষণা করেন। এরপরই ন্যাটোর সদস্য পদ পাওয়ার জন্য দ্রুত তদ্বির শুরু করে ইউক্রেন। রাশিয়া বিষয়টি যে ভালো চোখে দেখছে না তৃতীয় বিশ্বযুদ্ধের কথা বলে তাই স্পষ্ট করে দিয়েছেন রুশ ফেডারেশনের ডেপুটি সেক্রেটারি আলেকজান্ডার ভেনেডিকটোভ। ইউক্রেনকে সমর্থন করার জন্য পশ্চিমি দেশগুলির কড়া নিন্দা করেছেন তিনি। অন্যদিকে, ইউক্রেনের চারটি অঞ্চল বেআইনিভাবে দখল করার অভিযোগ তুলে রাষ্ট্রপুঞ্জে একটি খসড়া প্রস্তাব আনা হয়েছিল। সেই প্রস্তাবে যথারীতি ভোট দেয়নি রুশ মিত্র ভারত।

## ভারত সফরে এসে মানবাধিকারের জন্য সওয়াল গুতেরেসের




**১৯ অক্টোবর:** তিনদিনের ভারত সফরে এসে বর্তমান পরিস্থিতিতে গান্ধীজির আদর্শের কথা স্মরণ করালেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। সেইসঙ্গে রাষ্ট্রপুঞ্জের মহাসচিব কার্যত মেনে নিয়েছেন, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ থামানোর কোনও ক্ষমতাই রাষ্ট্রপুঞ্জের নেই। সেইসঙ্গে ভারতীয়দের কাছে গুতেরেসের আবেদন— বহুত্ববাদী, বৈচিত্রময় সমাজ গড়ে তুলতে প্রত্যেক ভারতীয়কে উদ্যোগী হতে হবে। তাঁর মতে, মহিলা, পুরুষ ছেলেমেয়েদের সমানাধিকার ছাড়া কোনও সমাজ আদর্শ হয়ে ওঠে না। মুম্বইয়ে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে বক্তব্য রাখেন গুতেরেস। রুশ-ইউক্রেন যুদ্ধ প্রসঙ্গে তিনি বলেন, 'কোনওভাবেই আমি ইউক্রেনের যুদ্ধ থামাতে পারব না। তবে, আমার মনে হয়, রুশ, ইউক্রেনীয়, আমেরিকানদের সঙ্গে আলোচনা করে একটা সম্ভাব্য চুক্তিতে আমরা পৌঁছতে পারি, যাতে বাণিজ্যে কোনও বাধা না আসে... যুদ্ধ থামানোর ক্ষমতা আমাদের নেই।'

**দেশজুড়ে সংখ্যালঘুদের বিরুদ্ধে** লাগাতার ঘৃণাভাষণের আবহে জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লা বললেন, কোনও ধর্ম কাউকে ঘৃণা করতে শেখায় না। হিন্দুস্তান সকলের। ন্যাশনাল কনফারেন্সের প্রবীণ এই নেতা মুম্বইয়ে এক অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, আমরা আপনাদের সঙ্গেই আছি। কাশ্মীর থেকে কন্যাকুমারী এ দেশকে এক রাখতে হবে। একে অপরের থেকে আলাদা রকম হতেই পারেন। কিন্তু একসঙ্গেই দেশ গড়তে হবে। তাকেই বন্ধুত্ব বলে।

**১৪ অক্টোবর** হ্যারি পটার ছবিতে হ্যাগ্রিডের ভূমিকায় অভিনয় করে প্রশংসা পাওয়া ব্রিটিশ অভিনেতা রোবি কোলট্রান (৭২) প্রয়াত হলেন। স্কটিশ অভিনেতা সারাজীবন বিবিসি এবং টেলিভিশনের নানান কমেডি সিরিজে অভিনয় করেছেন। দু'টি জেমস বন্ড ছবিতেও ছিলেন তিনি।

**কেন্দ্র সরকারের পরিসংখ্যান জানাচ্ছে,** ২০২১ সালে প্রতিদিন দেশে কৃষির সঙ্গে যুক্ত অন্তত ৩০ জন আত্মহত্যা করেছেন। এর অর্ধেক কৃষক, অর্ধেক ক্ষেত মজুর। একইসঙ্গে বাড়ছে কৃষির উপর নির্ভরশীলদের আত্মঘাতী হওয়ার প্রবণতা। যদিও সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দাবি করেছেন ২০২৩ সালের মধ্যে দেশের কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা নিয়েছে তাঁর সরকার।

## প্রাক্তন হলেন সৌরভ, নতুন বোর্ড প্রেসিডেন্ট বিনি




**১৮ অক্টোবর:** ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট হিসেবে প্রাক্তন হয়ে গেলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। নতুন বোর্ড প্রেসিডেন্ট হলেন প্রাক্তন জাতীয় দলের ক্রিকেটার ও তিরাশির বিশ্বকাপ জয়ী দলের সদস্য রজার বিনি। সৌরভ যে বোর্ড প্রেসিডেন্ট থাকছেন না সেটা অবশ্য আগেই নিশ্চিত হয়ে গিয়েছিল। তবে আইসিসি চেয়ারম্যান পদে ভারতীয় বোর্ড কাউকে পাঠাবে কিনা তা নিয়ে প্রশ্ন ছিল। কিন্তু বোর্ডের সভায় সিদ্ধান্ত হল আইসিসি নির্বাচনে এবার অংশই নেবে না বোর্ড। বর্তমান চেয়ারম্যান নিউজিল্যান্ডের গ্রেগ বার্কলেকেই সমর্থন জানাবে।



“এই (ভারত জোড়ো) যাত্রা মহাত্মা গান্ধীর ডাণ্ডি মার্চের অনুপ্রেরণায়। ভারত আত্মাকে ফিরে পেতেই আমাদের এই সংগ্রাম।”

**কানহাইয়া কুমার,** *কংগ্রেস নেতা*
রাহুল গান্ধীর ডাকে ভারত জোড়ো যাত্রা প্রসঙ্গে

## শ্রীলঙ্কার করুণাতিলকা বুকার পেলেন



**১৮ অক্টোবর:** 'দ্য সেভেন মুনস অব মালি আলমেইদা' উপন্যাসের জন্য ২০২২-এর বুকার পুরস্কার জিতে নিলেন শ্রীলঙ্কার লেখক শেহান করুণাতিলকা। তিনি মাইকেল ওন্ডাটজের পর দ্বিতীয় শ্রীলঙ্কান যিনি বুকার পেলেন। শ্রীলঙ্কার কুখ্যাত গৃহযুদ্ধের প্রেক্ষাপটে লেখা এই বইকে যদিও 'রাজনৈতিক' তকমা দিতে চাননি লেখক। লন্ডনে ব্রিটিশ কুইন কনসর্ট ক্যামিলার হাত থেকে বুকার পুরস্কার গ্রহণ করেন করুণাতিলকা।

**মাওবাদী যোগ এবং মহারাষ্ট্রের** গড়চিরৌলিতে সন্ত্রাসের ষড়যন্ত্র করার অভিযোগে নিম্ন আদালতে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত দিল্লির রামলাল আনন্দ কলেজের প্রাক্তন অধ্যাপক জি এন সাইবাবাকে সসম্মানে মুক্তি দিল বম্বে হাইকোর্টের নাগপুর বেঞ্চ। সাইবাবার সঙ্গে একই মামলায় বন্দি আরও ৫ জনেরও মুক্তির নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এই পাঁচজনের অন্যতম গড়চিরৌলির কৃষিশ্রমিক পাণ্ডু নারোটে জেলজীবনে উপযুক্ত চিকিৎসার সুযোগ না পেয়ে কিছুদিন আগেই মারা গিয়েছেন। বাকিরা মুক্তি পেলেও আট বছর ইতিমধ্যেই জেলে কাটাতে বাধ্য হয়েছেন তাঁরা।

**১৫ অক্টোবর** সুপ্রিম কোর্টের বিশেষ বেঞ্চ-এর রায়ে স্থগিত হয়ে গেল জি এন সাইবাবা-সহ চার সহবন্দির মুক্তির নির্দেশ। বম্বে হাইকোর্টের নাগপুর বেঞ্চ মুক্তির নির্দেশ দেওয়ার পরই সুপ্রিম কোর্টে ওই রায়ের বিরুদ্ধে আর্জি জানান মহারাষ্ট্র ও কেন্দ্রীয় সরকারের তরফে সলিসিটর জেনারেল (এসজি) তুষার মেহতা। শনিবার ছুটির দিনে বিশেষ বেঞ্চ বসিয়ে তড়িঘড়ি শুনানি করিয়ে স্থগিতাদেশের রায় দেয় সুপ্রিম কোর্ট।

**১৭ অক্টোবর** ভারতের পরবর্তী প্রধান বিচারপতি নির্বাচিত হলেন বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়। এদিন তাঁকে দেশের পরবর্তী প্রধান বিচারপতি পদে নিয়োগ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেণ রিজিজু এদিন টুইট করে একথা জানান। কিছুদিন আগেই অবশ্য দেশের ৪৯তম প্রধান বিচারপতি উদয় উমেশ ললিত নিজের উত্তরসূরি হিসেবে বিচারপতি চন্দ্রচূড়কে বেছে নিয়েছিলেন।

## প্রয়াত দিলীপ মহলানবিশ



**১৬ অক্টোবর:** ও আর এস-এর জনক বাঙালি চিকিৎসক দিলীপ মহলানবিশ (৮৮) প্রয়াত হলেন। শরীরে জলশূন্যতার চিকিৎসায় ঘরোয়াভাবে তৈরি ওআরএস-এর ব্যবহারিক প্রয়োগ যে জীবন বাঁচাতে পারে তা তিনিই বিশ্বকে জানিয়েছিলেন। আন্তর্জাতিক চিকিৎসক মহলে অসংখ্য সম্মান পেলেও নিজের দেশেই প্রত্যাশিত স্বীকৃতি পাননি তিনি। ১৯৭০-এর দশকে বিখ্যাত মার্কিন প্রতিষ্ঠান জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ে কর্মরত অবস্থায় ওআরএস-সংক্রান্ত গবেষণা করেন তিনি।

**কেন্দ্রীয় সাহিত্য অ্যাকাডেমির 'শিশু** সাহিত্য পুরস্কার' পেলেন বিশিষ্ট সাহিত্যিক, গবেষক ও নদী বিশেষজ্ঞ জয়া মিত্র। শিশু সাহিত্য ও গবেষণাধর্মী লেখালিখির পাশাপাশি দু'দশকেরও বেশি সময় ধরে 'ভূমধ্যসাগর' নামে পরিবেশ বিষয়ক একটি পত্রিকারও সম্পাদনা করে আসছেন তিনি।

**১৮ অক্টোবর** কেদারনাথের কাছেই কপ্টার ভেঙে ৭ জনের মৃত্যু হল। কেদারনাথ থেকে গুপ্তকাশী যাওয়ার পথে এই দুর্ঘটনা ঘটে। মেঘলা আবহাওয়ায় দৃশ্যমানতার অভাবের জেরেই দুর্ঘটনা ঘটেছে বলে অনুমান করা হয়েছে। ঘটনায় শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। কপ্টারটি যে সংস্থার সেই 'আরিয়ান এভিয়েশন' কিছুদিন আগেই নিয়মবিধি না মেনে উড়ান চালানোর জন্য শাস্তির মুখে পড়েছিল।

**দু'বছর আগের উত্তর-পূর্ব দিল্লি দাঙ্গা** মামলায় জামিন পেলেন না জেএনইউয়ের প্রাক্তন ছাত্রনেতা উমর খালিদ। দিল্লি হাইকোর্ট তাঁর জামিনের আবেদন খারিজ করে জানিয়েছে, আদালত কাশ্মীরের এই ছাত্রনেতাকে জামিন দেওয়ার কোনও কারণ খুঁজে পাচ্ছে না। বিচারকদের বক্তব্য, ষড়যন্ত্রে শুরু থেকে দাঙ্গা পর্যন্ত বিভিন্ন স্তরে বারবারই খালিদের নাম সামনে এসেছে, যেখানে ষড়যন্ত্রমূলক বৈঠকে নিয়মিত যোগ দিয়েছিল এই অভিযুক্ত।

## ক্ষুধা সূচকে ১২১-এর মধ্যে ১০৭-এ ভারত




**১৫ অক্টোবর:** বিশ্ব ক্ষুধা সূচকে ২০২২ সালে অপুষ্টি ও শিশুস্বাস্থ্যের নিরিখে ১২১টি দেশের মধ্যে ১০৭তম স্থান পেল ভারত। দেশজুড়ে 'অমৃতমহোৎসব' ও 'আচ্ছে দিন'-এর দাবিকে প্রশ্নের মুখে ফেলে দিল আইরিশ এবং জার্মান সংস্থার দ্বারা যৌথভাবে তৈরি এই সূচক। এশিয়ার দেশগুলোর মধ্যে পাকিস্তান (৯৯), বাংলাদেশ (৮৪), শ্রীলঙ্কা (৬৪)— প্রত্যেকেই রয়েছে ভারতের থেকে উন্নত জায়গায়। প্রতিবেশী দেশ আফগানিস্তান (১০৯) একমাত্র রয়েছে ভারতের পিছনে। সূচকের নিরিখে উপর দিকে রয়েছে চিন, তুরস্ক, কুয়েতের মতো দেশ আর শেষ স্থান পেয়েছে ইয়েমেন। উল্লেখ্য, ২০২১ সালে ১১৬টি দেশের মধ্যে ভারতের স্থান ছিল ১০১, আর ২০২০-তে ছিল ৯৪। ২০২২-এ ঘটল আরও পতন। কেন্দ্র সরকার যদিও দাবি করেছে এটা ইচ্ছাকৃতভাবে ভারতের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা।

**১৯ অক্টোবর** বাংলা সঙ্গীতজগতের একসময়ের জনপ্রিয় সুরকার স্বপন সেনগুপ্ত (৯০) প্রয়াত হলেন। তাঁর প্রয়াত জুটি জগমোহন বক্সির সঙ্গে ৭০ ও ৮০-র দশকে ৩৮টি বাংলা ছবির হিট গানের সুরারোপ করেছেন। 'তারে ভোলানো গেল না কিছুতেই', 'চলে যেতে যেতে', কিংবা 'কে যায় রে'-র মতো গানগুলি কয়েক প্রজন্ম পরেও এখনও সমান জনপ্রিয়।

**২০ অক্টোবর** কলকাতা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য হিসেবে তিন মাসের জন্য দায়িত্ব পেলেন আশিস চট্টোপাধ্যায়। বর্তমানে তিনি বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্যের দায়িত্বেও রয়েছেন। রাজ্য সরকারের এই নিয়োগে রাজ্যপাল তথা আচার্য লা গণেশনের অনুমোদন পাওয়া গিয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য নিয়োগের জন্য সার্চ কমিটি গড়ার কথাও জানিয়েছে রাজ্য সরকার। উল্লেখ্য, আদালতের রায়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে অপসারিত হয়েছেন পূর্ববর্তী উপাচার্য সোনালি চক্রবর্তী বন্দ্যোপাধ্যায়।

**চার বছর পর 'ফিনানশিয়াল অ্যাকশন** টাস্ক ফোর্স' (এফএটিএফ)-এর 'ধূসর তালিকা' থেকে বাদ পড়ল পাকিস্তানের নাম। অর্থ নয়ছয় এবং সন্ত্রাসে আর্থিক মদত রুখতে পাকিস্তান এখন যথাযথ পদক্ষেপ করছে এই যুক্তিতে এফএটিএফ-এর ধূসর তালিকা থেকে বেরিয়ে এল তারা। ভারত প্রতিক্রিয়ায় বলেছে, 'সন্ত্রাসের বিরুদ্ধে এমন বিশ্বাসযোগ্য পদক্ষেপ জারি রাখুক পাকিস্তান।' উল্লেখ্য, বিশ্বজুড়ে সন্ত্রাসে আর্থিক মদত ও অর্থের নয়ছয় রুখতে কোন দেশ কী ব্যবস্থা নিচ্ছে, তার উপর নজর রাখে এফএটিএফ। এর ৩৯ সদস্য রাষ্ট্রের মধ্যে রয়েছে ভারতও।

## ব্যালন ডি'ওর পেলেন বেঞ্জেমা



**১৭ অক্টোবর:** ফরাসি ফুটবল তারকা করিম বেঞ্জেমা এবছরের ব্যালন ডি'ওর পুরস্কার জিতে নিলেন। প্যারিসের অনুষ্ঠানে জিনেদিন জিদানের হাত থেকে পুরস্কার নিলেন রিয়াল মাদ্রিদ তারকা। সব টুর্নামেন্ট মিলে ৪৬ ম্যাচে ৪৪ গোল করেছেন বেঞ্জেমা। গত মরসুমে রিয়াল মাদ্রিদ লা লিগা জেতার পাশাপাশি চ্যাম্পিয়ন্স লিগও জেতে। এই দুই খেতাব জয়ের পিছনে বেঞ্জেমার অবদান অনস্বীকার্য। সেরা গোল কিপারের লেভ ইয়াসিন ট্রফি জিতেছেন রিয়ালেরই থিবৌ কুর্তোয়া। সেরা গোলদাতার গার্ড মুলার ট্রফি জিতেছেন রবার্ট লেবানডস্কি।

## সাতবার এশিয়া কাপ জয় ভারতের



**১৫ অক্টোবর:** মেয়েদের এশিয়া কাপ টি-টোয়েন্টি ক্রিকেট প্রতিযোগিতা অনায়াসে জিতল ভারত। ফাইনালে শ্রীলঙ্কাকে ৮ উইকেটে হারাল ভারত। এবারের এশিয়া কাপের আসর বসেছিল বাংলাদেশে। সিলেটে আয়োজিত ফাইনালে প্রথমে ব্যাট করে শ্রীলঙ্কা ২০ ওভারে ৯ উইকেটে মাত্র ৬৯ রান করে। মাত্র ৮.৩ ওভারে ২ উইকেট হারিয়ে জয়ের রান তুলে নেয় ভারত। এ পর্যন্ত আটবার এশিয়া কাপ আয়োজিত হয়েছে, যার মধ্যে সাতবারই শিরোপা পেল ভারত।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হার্বাল মেডিসিনের সার্টিফিকেট কোর্স

হার্বাল মেডিসিনের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ন্যাচারাল প্রোডাক্ট স্টাডিজ। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স শুরু হবে ২ জানুয়ারি।

আসনসংখ্যা: ৩৩টি। শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসিতে ডিপ্লোমা বা ডিগ্রি বা এম এস ডিগ্রি। বি এসসি বা এম এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

কোর্স ফি: ৩০,২০৮ টাকা। ক্লাস হবে সপ্তাহে তিন দিন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদে ১০০ টাকার বিনিময়ে আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয় থেকে। ফর্ম সংগ্রহ করা যাবে যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে। ঠিকানা: যাদবপুর বিশ্ববিদ্যালয়, ফার্মাসিউটিক্যাল বিভাগ, দ্বিতীয় তল, ন্যাচারাল প্রোডাক্ট স্টাডিজ ল্যাব। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## বেলে ১১১

প্রথম পাতার পর

বৃদ্ধি পেতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 6050/TE&PE-I/HR/PDIC/2022-23.

**শূন্যপদের বিন্যাস: প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড ইনোভেশন সেন্টার: জব কোড PDIC01: ট্রেনি ইঞ্জিনিয়ার-ওয়ান:** ৩৩টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স ১৮টি, মেকানিক্যাল ৮টি, কম্পিউটার সায়েন্স ৭টি। **জব কোড PDIC02: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ওয়ান:** ৩৯টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স ২৪টি, মেকানিক্যাল ৬টি, কম্পিউটার সায়েন্স ৯টি।

**সেন্টার ফর এক্সেলেন্স: জব কোড COE001: ট্রেনি ইঞ্জিনিয়ার-ওয়ান:** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স ১০টি, মেকানিক্যাল ৫টি, কম্পিউটার সায়েন্স ২টি। **জব কোড COE002: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-ওয়ান:** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স ১৩টি, মেকানিক্যাল ৫টি, কম্পিউটার সায়েন্স ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় পদের ক্ষেত্রেই মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই চলবে। এর পাশাপাশি, ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৬ মাস এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সমতুল ইঞ্জিনিয়ারিং বিষয়গুলি হল: ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন এবং টেলিকমিউনিকেশন। কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং।

**বয়স:** ১-১০-২০২২ তারিখে ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৮ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** ট্রেনি ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা ও ৪০,০০০ টাকা। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৪০,০০০ টাকা, ৪৫,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৫৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা ও ১৫ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বেঙ্গালুরু।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: https://bel-india.in পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓ফি জমা দেওয়ার পেমেন্ট রিসিপ্ট বা চালানের রসিদ। ফি বাবদ দিতে হবে প্রোজেক্ট ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ৪০০ টাকা ও ট্রেনি ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ১৫০ টাকা। অনলাইনে এস বি আই কালেক্টের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। এছাড়া অফলাইনে চালানের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল।
- ✓কাস্ট বা ও বি সি প্রার্থীদের জন্য যথাযথ ভাবে পূরণ করা ফর্ম (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য যথাযথ ভাবে পূরণ করা ফর্ম (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কর্মরতদের ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট'।
- ✓সচিত্র পরিচয়পত্র, যথা- আধার কার্ড বা ভোটার কার্ড বা ড্রাইভিং লাইসেন্সের নকল।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন: 'Application for the post of ______ (Job Code No.: ______).' শূন্যস্থানে যে-পদে দরখাস্ত করছেন তার নাম এবং জব কোড লিখে দেবেন।

২৩ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Manager (HR), Product Development & Innovation Centre (PDIC), Bharat Electronics Limited, Prof. U R Rao Road, Near Nagaland Circle, Jalahalli Post, Bengaluru-560 013, India.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশনে তিনটি কোর্স

নিজস্ব সংবাদদাতা: তিনটি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দির। কোর্সগুলি হল: মোবাইল ফোন রিপেয়ারিং অ্যান্ড মেইন্টেন্যান্স, টু অ্যান্ড থ্রি হুইলার (মেকানিক-টেকনিশিয়ান) এবং ইলেক্ট্রনিক্স ও ইলেক্ট্রিক্যাল সরঞ্জাম মেরামতি ও রক্ষণাবেক্ষণ। প্রশিক্ষণ শেষে প্রথম দু'টি কোর্সের ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট (পূর্বতন ডব্লু বি এস সি ভি ই টি) সার্টিফিকেট এবং তৃতীয় কোর্সের ক্ষেত্রে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি) সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্সগুলি শুরু হবে জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ থেকে।

**মোবাইল রিপেয়ারিং অ্যান্ড মেইন্টেন্যান্স, টু অ্যান্ড থ্রি হুইলার (মেকানিক-টেকনিশিয়ান):** শিক্ষাগত যোগ্যতা: উভয় কোর্সের ক্ষেত্রেই ক্লাস এইট পাশ। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৪,৫০০ টাকা।

**ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল সরঞ্জাম মেরামতি ও রক্ষণাবেক্ষণ:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: এক বছর। কোর্স ফি: ৬,০০০ টাকা। যোগাযোগের নম্বর: ৭০০১৯৯৩১২৫।

সপ্তাহে ৩ দিন ক্লাস, সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে। ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দিরের অফিসে। ভর্তির সময়ে সঙ্গে লাগবে: ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, আধার কার্ডের নকল, অ্যাডমিট কার্ড ও মার্কশিটের নকল, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের নকল এবং কোর্স অনুযায়ী ফি। ভর্তির শেষ তারিখ জানানো হয়নি। দ্রুত আবেদন করুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০৩৩ ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪৮৭৬৬৩।

## স্কলারশিপের খোঁজখবর

### আই এন এস টি রিসার্চ ইন্টার্নশিপ ২০২২

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্সে ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান।

**আবেদনের যোগ্যতা:** বি এসসি বা বি টেক বা বি ফার্ম বা এম ফার্ম বা এম টেক বা এম এসসি কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন।

আবেদন করতে হবে ই-মেলের মাধ্যমে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/ITR9 আবেদনের শেষ তারিখ ২১ নভেম্বর।

### ইউ-গো স্কলারশিপ প্রোগ্রাম

শিক্ষক-প্রশিক্ষণ, নার্সিং, ফার্মাসি, মেডিসিন, ইঞ্জিনিয়ারিং-সহ অন্যান্য পেশাদারি কোর্সের প্রথম বর্ষে পাঠরত ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইউ-গো।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৬০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৪ বছর।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/UGO1 আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

NITIE Mumbai
NATIONAL INSTITUTE OF INDUSTRIAL ENGINEERING
(Ministry of Education, Govt. of India)
Roll-Ad. /Faculty/Oct./2022
Rolling Advertisement for Faculty Recruitment under
I. Mission Mode Recruitment Drive
II. Special Recruitment Drive for SC/ST/OBC/PwD Candidates
Applications are invited for recruitment of Assistant Professor in Grade-I and Grade-II in the following broad areas:
Operations & SCM, Analytics & Data Sciences and Finance
Please visit website www.nitie.ac.in for complete details.

MAHATMA GANDHI HOSPITAL, JAIPUR
SRI RAM CANCER & SUPER SPECIALITY CENTRE
RIICO Institutional Area, Sitapura, Tonk Road, Jaipur-302 022
Phone : 0141-2771777, 2771001-2-3 • Toll Free : 1800 180 6002 • Website : www.mgmch.org
Tertiary Care Hospital with all type of Superspecialties, Specialties, Diagnostic Services, Latest Technology & Equipments
1450 Beds | 1000+ Nursing / Paramedical Staff | 33 Operation Thearters | 350+ ICU & Critical Care Beds | 500+ Doctors
CARDIAC SCIENCES
World class services of :
• Heart & Lungs Transplant
• Angiography & Angioplasty
• TAVR / TAVI
• Electro-physiology and RFA
• Bypass Surgery
• Valve Surgery
• Heart Failure management
NEURO SCIENCES
• World Class Endoscopic & Laparoscopic Brain & Spinal Surgeries
• Neuro Nevigation
• Intra-operative CT Scan Machine
• Interventional Neurology
• Stroke Management Epilepsy Clinic
ONCOLOGY
• Bone Marrow Transplant
• Medical Oncology
• Chemo Therapy
• Hematology
• Radiation Oncology
• 3D CRT, IMRT, IGRT, Rapid ARC,
• Brachytherapy
• Surgical Oncology
• PET guided Biopsy
• Palliative Medicine
GI SURGERY & LIVER TRANSPLANT
• Center for Digestive Sciences (CFDS)
• Liver Transplant
• Hepato-Pancreato Biliary Surgery
• Gastroentrology
• Hepatology
• Liver Failure Management
• Endoscopy, ERCP, TIPSS
• Gastro Intestinal Diseases
• Intensive Care Unit
Location
INTERNATIONALLY CERTIFIED BLOOD CENTRE WITH ADVANCE TRANSFUSION SERVICES
Visit us: /mahatmagandhihospitaljaipur /c/MahatmaGandhiHospital /mahatmagandhihospitaljaipur/
Toll Free : 18001806002 | 8107677888 | 9116888999

SEACOM PHARMACY COLLEGE
Dhulagarh, Howrah, West Bengal
Last few seats available for Admission 2022-2023 in
B.Pharm | D.Pharm
Approved by MAKAUT, AICTE, PCI, WBSCTE
Non ranking 12th Passed students are now eligible
7605050243/42
www.seacompharmacycollege.in

VISION INTERNATIONAL SCHOOL
(Affiliated to C. I. S. C. E., New Delhi, ICSE & ISC)
56/1, T. N. Mukherjee Road, Makhla
Uttarpara, Hooghly - 712245
Web : www.visioninternationalschool.net
Applications are invited for the following positions :
PGT Teachers : Post Graduate with B. Ed.
Subjects : ENGLISH | PHYSICS | HISTORY | COMMERCE | ACCOUNTS | GEOGRAPHY
TGT Teachers : Graduate with B. Ed. or TTC
Subjects : ENGLISH | PHYSICS | CHEMISTRY | HISTORY | GEOGRAPHY | MATHS
Junior School Teachers : Science | Maths | Social Studies
Primary & Pre Primary Teachers : Graduates / H. S. & TTC
Computer Sc. Teachers : BCA for middle school & MCA for senior school.
Lab. In-charge for ROBOTICS LAB : B. Sc. Physics or BCA
Art Teacher : For all Levels • Sports Teacher : Qualification - B. P. Ed.
Music Teacher : Western Vocal | Instrumental | School Orchestra Instructor.
Interested candidates are requested to send their CV with photograph mentioning the position applied for in the subject line within 7 days to :
career@visioninternationalschool.net

40 Years of Expanding Horizons India Exim Bank
A great chance to excel in Financial Sector

Inviting MBAs for Managerial and Trainee positions in Finance and Accounting.
India Exim Bank is hiring young professionals for full-time posts of 41 Management Trainees and 4 Managers with experience. MBA professionals in Finance / Banking and Chartered Accountants who seek an environment conducive to growth, innovation, and excellence, may apply.
LAST DATE FOR APPLICATION: 18/11/2022
For details, visit
https://www.eximbankindia.in/careers

